# ৬ষ্ঠ উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২৪ খ্রি: মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জয়নাল আবেদীন
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ১৯ ডিসেম্বর ২০২৪

সময় : বেলা ১২.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে অদ্যকার সভার কাজ পরিচালনা করেন।

০২। অত:পর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। অতপর আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আমন ধান প্রায় ৯০% কর্তন সম্পন্ন হয়েছে। কর্তন চলমান রয়েছে। বোরো ধানের লক্ষ্যমাত্রা ৫১২২ হে: নির্ধারণ করা হয়েছে। এ পর্যন্ত বোরো বীজতলা ১০৮ হে: অর্জিত হয়েছে। বীজতলা আবাদ চলমান রয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক এরম জুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত ও সঠিক ক্ষতিগ্রস্থ কৃষকরা যাতে প্রণোদনা পায় উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ জানান, উপজেলা এডিপি'র ২০২৪-২৫ অর্থবছরের ১ম কিস্তির ২৯.৮৮ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে। এবং সকল ইউপি হতে প্রকল্প প্রস্তাব পাওয়া গিয়াছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ১৯টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ৪টির কাজ চলমান । গড় অগ্রগতি ৯৫%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ৩০টি ১০০% সমাপ্ত। গড় অগ্রগতি ৯৫%। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ অনুমোদন হয় এবং কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। আরও ৫টি জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্র:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান, ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান । ৩টিতে গড় অগ্রগতি ৮৫%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের অগ্রগতি ৭০%। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। কাজের গড় অগ্রগতি ১০০%। আইআরআইডিপি-৩ এর আওতায় ১০টি রাস্তা উন্নয়ন কাজ সমাপ্ত, ১টি রাস্তার কাজ চলমান। গড় অগ্রগতি ৭৭.৭২%। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৩টি | ক) বিভাগীয় কার্যক্রম চলমান রাখা ও বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো বরাদ্দ অনুযায়ী সংস্কার কাজ ত্বরান্বিত করতে উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায় |
|---|---|---|---|---|
| | | সমাপ্ত, ১টি ব্রীজ নির্মান সহ ১টি<br><br>রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে।২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীন "সড়ক, সেতু ও কালভার্ট মেরামত/সংরক্ষন কর্মসূচী" এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে ১টি রাস্তার মেরামত কাজ চলমান। অগ্রগতি ৮৭%। ২০২৪-২৫ অর্থবৎসরে ১১টি রাস্তা মেরামত কাজের কার্যাদেশ করা হয়েছে। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি রাস্তা উন্নয়ন কাজ বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মান কাজ সমাপ্ত হয়েছে। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মান কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ১টি খাল খনন কাজ চলমান আছে। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মান ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মান কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৭০%। "ঘূর্নিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় ৫০টি নতুন প্রকল্প প্রস্তাব ডিপিপিভুক্ত হয়েছে। তন্মধ্যে ১০টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্ত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প: মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মি: দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। 2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ চলমান। গড় অগ্রগতি ৬০%। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের সয়েল টেষ্ট সম্পন্ন হয়েছে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের নতুন বাসভবন নির্মান কাজ চলমান আছে। অগ্রগতি ৩০%। উপজেলা প্রশাসনিক ভবনের ৪ তলার উপরে ৫ তলায় ডি-সেট সেন্টার নির্মান | | |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | কাজ শুরু হয়েছে। কাজের অগ্রগতি ৭০%। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, তার দপ্তরের কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম চলমান রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্হ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। নভেম্বর/২০২৪খ্রিঃ মাসের পারফর্মেন্স:<br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৫৯ জন।<br>খ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ৮০৭ জন।<br>গ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ১২৭৩ জন।<br>ঘ) ই.পি.আই কভারেজ নভেম্বর/২৪ খ্রিঃ মাসে ৮%।<br>এছাড়া চক্ষু রোগিদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা চলমান রয়েছে। কিশোর-কিশোরীদের জন্য স্বাস্থ্য সেবা চলমান। টেলিমেডিসিন স্বাস্থ্য সেবা চলমান। উপজেলা পর্যায়ে পাবলিক পরীক্ষা ও বিভিন্ন সরকারী অনুষ্ঠানে মেডিকেল টিম কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে জরুরি স্বাস্থ্য সমস্যা মোকাবেলার জন্য ইউনিয়ন ভিত্তিক স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান আছে। সুপারভিশন ও মনিটরিং কার্যক্রম জোরদার করা হইয়াছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করা, রোগিদের যাতে ভোগান্তি না হয় সে জন্য হাসপাতালে সার্বক্ষনিক ডাক্তার উপস্থিতি নিশ্চিত করার পাশাপাশি নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, নভেম্বর/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৬ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ১১ জন, ইমপ্লান্ট= ৬৪ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ১৮০ জন, ইনজেকটেবলস= ৫৯ জন, কনডম= ৫৮ জন, সাধারন রোগি = ১৯৬৪ জন। সিএআর- ৬৯.৮২%। পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত পরিবার কল্যাণ সহকারীগণ ট্যাব (TAB) এর মাধ্যমে দম্পতি রেজিস্ট্রেশন ও বিভিন্ন প্রতিবেদন করেন। বর্তমানে অনেক ট্যাব (TAB) নষ্ট ও অকার্যকর হয়ে যাওয়ায় তাদের দম্পতি নিবন্ধন ও প্রতিবেদন সংরক্ষণে পরিবার কল্যাণ সহকারী রেজিষ্টার তৈরী করা প্রয়োজন। কেন্দ্রীয় পর্যায় থেকে সরবরাহ না থাকায় এবং অত্র কার্যালয়ে এই খাতে কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদ থেকে ব্যয় নির্বাহের জন্য অনুরোধ জানান। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রকে রোগীদের সেবার উপযোগী করতে এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) নভেম্বর/২০২৪ ইং মাস পর্যন্ত মোট= ২,৮৬,১০,০০০/= ( দুই কোটি ছিয়াশি লক্ষ দশ হাজার ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এ মাসে আদায়যোগ্য ১০৭৩০০/- টাকা ও আদায়কৃত ১০৭৩০০/-টাকা, চলমান আদায়ের হার ১০০%। কিস্তি খেলাপী আদায় ৪৮০০ টাকা। ঋণ খেলাপী আদায় ১৭০০/- টাকা। ক্রমপুঞ্জিত আদায়কৃত ২৪৩৬৯১২৭/-টাকা । আদায়ের হার ৯১.৫৬%। চলতি অর্থবছরে ঋণ বিতরণ নেই। চলতি অর্থ বছরে, হাঁসমুরগী পালন ,গরু মোটাতাজা করণ বিষয়ে ৪২০ জনের লক্ষ্যমাত্রা রয়েছে। প্রশিক্ষণ অগ্রগতি ৩০০ জন। | ঋণ কার্যক্রম ও যুব প্রশিক্ষণ গ্রহণ করে যুবক/যুবতিরা স্বাবলম্বি হচ্ছে কিনা এবং বাস্তবে প্রশিক্ষণ কাজে লাগাচ্ছে কিনা সে বিষয়ে তদারকি নিশ্চিত করে সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, ওএমএস কমলগঞ্জ পৌরসভায় ০৩ (তিন) টি দোকনে নিম্ন আয়ের মানুষের মাঝে ০৫ কেজি চাল (প্রতিকেজি ৩০/- দরে) এবং ০৫ কেজি আটা (প্রতি কেজি ২৪/- দরে) বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া টিসিবি কার্যক্রমে চাল বিক্রয় চলমান রয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ০৯ টি ইউনিয়নে নভেম্বর-২০২৪ মাসে ৫৩৩৩ টি কার্ডের মাধ্যমে ১৫৯.৯৯০ মে:টন চাল বিতরণ করা হয়েছে এবং বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | ওএমএস ও খাদ্যবান্ধব কর্মসূচি সুশৃঙ্খলভাবে সম্পন্ন করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ। |
| ৩.০৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, আগামী ০২/১২/২০২৪ খ্রি. তারিখ হতে ৩য় প্রান্তিক মূল্যায়ন পরীক্ষা'২০২৪ শুরু হবে এবং শেষ হবে ১০/১২/২০২৪ খ্রি. তারিখ। এইচপিভি টিকা দেওয়ার রেজিস্ট্রেশন সন্তোষজনক | শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে চালানো হয় সে বিষয়ে তদারকি নিশ্চিত করতে | উপজেলা শিক্ষা অফিসার, |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>পর্যায়ে আছে। ২০২৫ সনের বইয়ের চাহিদা দেওয়া হয়েছে, আশা করা যাচ্ছে আগামী কয়েকদিনের মধ্যে বই পাওয়া যাবে। ০১ লা জানুয়ারী'২০২৫ তারিখে ছাত্র/ছাত্রীর হাতে বই পোঁছানোর সর্বাত্নক প্রচেষ্টা চলছে। উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি, উপজেলা পরিষদ, কমলগঞ্জ জানান, প্রয়োজনীয় নিরাপত্তার স্বার্থে যে সকল প্রাথমিক বিদ্যালয়সমূহে বাউন্ডারী ওয়াল নেই সেগুলোর তালিকা করে অত্রাফিসে দেওয়ার জন্য বলেন।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো।</td><td>কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.০৯</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জানান নভেম্বর/২৪ মাসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও মাধ্যমিক বিদ্যালয়গুলো সঠিকভাবে তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, ২০ জন মৎস্য চাষীকে মাছ চাষের পরামর্শ প্রদান। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,
<table>
<tr><th>ক্রম</th><th>কার্যক্রম</th><th>মাসে</th><th>বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>০</td><td>০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠণ</td><td>০</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>১০০০/-</td><td>১,১৮,০০০/-</td><td>৩৬,৩৬,০০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত সংগ্রহ</td><td>০</td><td>৪,০০০/-</td><td>৭,৭৭,০০০/-</td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>০</td><td>১৩,০৫,০০০/-</td><td>৬,৬৬,১৬,০০০/</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>২,০০, ০০০/-</td><td>৭,১৫,০০০/-</td><td>৫,৬০,৮০,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>০</td><td>১০,৬০,০০০/-</td><td>৮৯,৭০,০০০/-</td></tr>
</table></td><td>বিভাগীয় ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১২</td><td>সমবায় বিভাগ</td><td>অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>অডিট যোগ্য সমিতি</th><th>নভেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত</th><th>অডিট যোগ্য সমিতি (কেন্দ্রীয়)</th><th>নভেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত অডিট</th><th>নভেম্বর/২০২৪ খ্রি. পর্যন্ত সর্বমোট অডিট</th></tr>
<tr><td>১১০টি</td><td>৪১টি</td><td>০২টি</td><td>০২টি</td><td>৪১টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>নভেম্বর/২০২৪খ্রি. পর্যন্ত ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস (কেন্দ্রীয়)</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table>
অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম যথা নিয়মে পরিচালিত হচ্ছে।১। সাধারণ :<br>
(ক) সমিতির সংখ্যা ঃ ২৬৪ টি। (কার্যকর ১৩০টি, অকার্যকর ১৩৪টি)<br>
(খ) সদস্য সংখ্যা ঃ ১৩,০১৭জন।<br>
(গ) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৬.৯৪ লক্ষ।<br>
(ঘ) আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৪৫.৭৮ লক্ষ।<br>
২। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পুরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা</td><td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>আদায়ের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>দিশারী আশ্রয়ণ প্রকল্পে ২য় দফায় নিবন্ধিত সমবায় সমিতির ২০ জন পুরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা এক বছর পর এককালীন আদায়যোগ্য। আশ্রয়ন প্রকল্পে সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/-টাকা<br>অদ্য অক্টোবর/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/- টাকা<br>সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%।<br>আশ্রয়ন প্রকল্পে ২০ জন সদস্য তাদের ঋণের টাকা (১০০%) পরিশোধ করেছেন। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।<br>আশ্রয়ণ প্রকল্প ৪র্থ গুচ্ছ গ্রাম ভিত্তিক নতুন সমিতি নিবন্ধন প্রক্রিয়া চলমান।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৩</td><td>প্রাণিসম্পদ বিভাগ</td><td>সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান,
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>নভেম্বর/২০২৪ খ্রিঃ মাসের কার্যক্রম</th><th>জুলাই/২০২৪ খ্রিঃ হতে ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>টিকা প্রদান (গবাদি পশু)</td><td>২৫০৮</td><td>৬২১৮০</td></tr>
<tr><td>টিকা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১৩২১৯</td><td>৮৩২১৯</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (গবাদি পশু)</td><td>২০৯০</td><td>৯৫৫২</td></tr>
<tr><td>চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী)</td><td>১৩১৫২</td><td>৫৪২১৬</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজনন</td><td>২৪০</td><td>১১৯০</td></tr>
<tr><td>কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা</td><td>৯০</td><td>৪৪৮</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>৬</td><td>৩৩</td></tr>
<tr><td>উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা</td><td>৯১</td><td>৪৪৫</td></tr>
<tr><td>প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী)</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>প্রশিক্ষণ (সিআইজি খামারী)</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর)</td><td>২.৭৮</td><td>১২.২৮</td></tr>
<tr><td>খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা)</td><td>১১</td><td>৫০</td></tr>
<tr><td>দুধ উৎপাদন (মেট্রিক টন)</td><td>১৯৬৯.৯২</td><td>৯৮১০.০৭</td></tr>
<tr><td>ডিম উৎপাদন (লক্ষ)</td><td>৩২.৭</td><td>১৪৯.০৯</td></tr>
</table>
তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থ বছরে ক্ষুদ্র নৃ-গোষ্ঠির প্রকল্পের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। গত অর্থবছরের হাঁস-মুরগী বিতরণ প্রকল্পের আওতায় বিতরণকৃত উপকারভোগীদের সংশ্লিষ্ট ইউনিয়নে হাঁস-মুরগীর খাদ্য পাঠানো হবে। এছাড়া গবাদিপশুর বিভিন্ন রোগ সনাক্তকরণ ও করণীয় বিষয়ে বিভিন্ন উপদেশ প্রদান করা ও চিকিৎসা করার জন্য প্রতিটি ইউনিয়নে ০১ টি করে মেডিকেল টীম গঠন করা হবে মর্মে সভায় জানান।</td><td>বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১৪</td><td>বন বিভাগ</td><td><u>বন বিভাগ:</u><br>ক) সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, নভেম্বর-২০২৪ মাসে অভিযানে কোন প্রকার মালামাল আটক হয়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে।</td><td>ক) অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ<br>খ) চেয়ারম্যান, সকল ইউপি।</td></tr>
<tr><td>৩.১৫</td><td>সমাজসেবা বিভাগ</td><td>সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি, কমলগঞ্জ জানান, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার বরাদ্দ এসেছে এবং আগামী ১৫ দিনের মধ্যে তালিকা প্রদানের জন্য সকল ইউনিয়ন পরিষদে পত্র দেওয়া হয়েছে। স্বেচ্ছাসেবী সংস্থা (ক্লাব) গুলো থেকে আবেদন আগামী ৩০ ডিসেম্বর-২০২৪ খ্রি: পর্যন্ত আবেদনের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। এছাড়া সুবর্ণ নাগরিক কার্ড নভেম্বর/২৪ মাসে-৬০টি বিতরন সম্পন্ন হয়েছে। এছাড়া সুবর্ন নাগরিক কার্ডের আবেদন চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>আলোচ্য বিষয়ে সঠিক উপকারভোগীদের সেবা নিশ্চিতে তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.১৬</td><td>উপজেলা মহিলা</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এঁর ২০২৩-২৪ চক্রের ডিসেম্বর/২৪ খ্রি: মাসের চালের</td><td>আলোচ্য বিষয়ে</td><td>উপজেলা মহিলা</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিষয়ক বিভাগ | ডিও জারী করা হয়েছে। উপকারভোগীদের স্ব স্ব হিসাবে সঞ্চয়ের টাকা জমা করতঃ জমা রশিদ প্রদর্শন পূর্বক চাল বিতরণ করা হচ্ছে। অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ এনজিও "ফেইথ ইন এ্যাকশন" কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক ২০২৫-২০২৬ অর্থবছরে চক্র বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন ওয়ারী বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী জরুরি ভিত্তিতে উপকারভোগী নির্বাচনের জন্য ইউনয়ন পর্যায়ে পরিপত্রসহ পত্র প্রেরণ করা হয়েছে ও নির্বাচন কার্যক্রম চলমান রয়েছে। অধিদপ্তর থেকে ২০২৪-২৫ অর্থবছুরের জন্য বরাদ্দ পাওয়ায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় প্রতিটি ইউনিয়নে ০৯ জন করে নভেম্বর/২৪ খ্রিঃ মাসের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ডিসেম্বর-২৪ মাসের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া চলমান রযেছে। পৌরসভার জন্য প্রতিটি ওয়ার্ডে প্রতিমাসে ০১ জন করে প্রতিমাসে মোট ০৯ জন হিসেবে জুলাই/২০২৪ হতে ডিসেম্বর/২০২৪ মাস পর্যন্ত সময়ের উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া চলমান রয়েছে। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের চলমান রয়েছে। নভেম্বর/২০২৪ খ্রিঃ মাসে উপজেলা কমিটিতে নারী নির্যাতন সংক্রান্ত ০১ টি অভিযোগ পাওয়া গেছে। কোর্ট থেকে কোন মামলা পাওয়া যায়নি। নভেম্বর/২৪ খ্রিঃ মাসে কোন বাল্যবিবাহের অভিযোগ পাওয়া যায়নি। এছাড়া অত্রাফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সুষ্ঠু তদারকি নিশ্চিত করতে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বন্যায় ক্ষতিগ্রস্থ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পূর্ণ-নির্মাণের জরুরি সহায়তা শীর্ষক প্রকল্প: ৪০টি গভীর নলকূপ এবং ০২টি পাবলিক টয়লেটের বরাদ্দ রয়েছে। বরাদ্দকৃত পানির উৎস এবং পাবলিক টয়লেট স্থান মুখবদ্ধ অনুযায়ী পাওয়ার পরবর্তী সময়ে মাঠ পর্যায়ে বাস্তবায়িত হবে। বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় আরসিসি ড্রেনেজ নির্মাণ, ওভার হেড ট্যাংক, অফিস বিল্ডিং, ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান, ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের মাধ্যমে হাউজহোল্ড কানেকশন এবং হাউজহোল্ড টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের টিএসপি এবং ৬ নং গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে এবং রহিমপুর ইউনিয়নে সিদ্ধেশ্বরপুর গামে "রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কীম" (পরীক্ষামূলক নলকূপ, উৎপাদক নলকূপ, পাম্প হাইজ, ওভার হেড ওয়াটার ট্যাংক ও অন্যান্য কাজসহ) পরীক্ষামূলক নলকূপ এর কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ১৪ টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি, হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মৃর্তিঙ্গা চা বাগান সপ্রাবি, রুপসপুর সপ্রাবি, রাজদিঘীর পাড় সপ্রাবি, বৃন্দাবনপুর সপ্রাবি, ছয়ছিড়ি বিষ্ণুপুর সপ্রাবি, মহেন্দ্র কুমার সপ্রাবি এবং সুনছড়া সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ এসেছে। ওয়ার্টসন কমিটির সভার মাধ্যমে প্রতিটি ইউনিয়নে বন্টন করা হবে মর্মে সভায় জানান। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |
| ৩.১৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, নভেম্বর/২০২৪ খ্রিঃ মাসের নতুন সংযোগ- ২৭৭ টি, পুনঃ সুযোগ- ১৭১ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৩০৪ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কিঃমিঃ)- ২৩২ কিঃ মিঃ। নভেম্বর/২০২৪ খ্রিঃ মাসে ০৪ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ১০ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে ও বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে গ্রাহকদের সচেতনতার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>এছাড়া অত্র অফিসের আওতাভূক্ত বিভিন্ন গ্রামে বিতরণ লাইন থেকে ট্রান্সফরমার চুরির প্রবণতা বৃদ্ধি পেয়েছে। উক্ত চুরি রোধকল্পে আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা এবং গ্রাহক সদস্যবৃন্দের সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধেও সকলের সহযোগিতা কামনা করেন। জ্বালানী সংকট ও মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি রেশনিং পদ্ধতিতে চালানো হচ্ছে বিধায় লোডশেডিং ০২ ঘন্টা পর পর ০১ ঘন্টা করে হবে। লোড প্রাপ্তি সাপেক্ষে লোডশেডিং এর পরিমাণ কম- বেশী হতে পারে। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করেতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারাবদ্ধ। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাট/সামাজিক অনুষ্ঠান সম্পন্নকরণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করেন।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। <u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br><u>নভেম্বর/২০২৪ মাসে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম:</u><br>সমিতি গঠন- ২২৭ টি, সদস্য অন্তভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৩৯৩.০৬, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ২৪০.৫০, ঋণ আদায় চলতি বছরে ২৪০.৬৬।</td><td>শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>১ টি</td><td>০৩টি</td><td>৪৬ টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>৫ জন</td><td>১৯ জন</td><td>৬২৮ জন</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>১.১৫</td><td>৫.০২</td><td>৩৬.২১</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>৯.৬০</td><td>৩৫.৫০</td><td>১৬৪.৬৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>১৩.০০</td><td>৪৭.৭৫</td><td>২০৫.৫০</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৩.৪০</td><td>২০.৫৭</td><td>১১১.৭৪</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>৬.২০</td><td>৩৫.৬৩</td><td>১১৩.১২</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>৪০</td><td>৪০</td><td>৬৪০</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>০</td><td>০</td><td>২</td></tr>
</table></td><td>বিধি মোতাবেক ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম সুষ্ঠু তদারকির মাধ্যমে চলমান রাখতে উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত সময়সূচি অনুযায়ী বিভিন্ন রকমের গ্রীষ্মকালীন চিনাবাদাম, আমন ফসলের নমুনা কর্তন, মাসিক কৃষি মজুরি, আমন ফসলের হিসাব তথ্য প্রদান, (১০ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত) চলমান অর্থনৈতিক শুমারি সংগ্রহসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, নভেম্বর/২০২৪ মাসে তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ১৫ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৮০০ জন, উঠান বৈঠকের সংখ্যা ০ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। বিভিন্ন বিদ্যালয়ে গিয়ে এইচপিভি টিকার অনলঅইন আবেদন বিনামূল্যে করে দেয়া হয়েছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক প্রাথমিক সেবা ও স্বাস্থ্য সেবা হচ্ছে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৩</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়।
<table>
<tr><th>বিষয়</th><th>ব্যয়ের পরিমাণ</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ</td><td></td><td>খেলাধুলা সংস্কৃতি শিক্ষা ও</td></tr>
</table></td><td>আলোচনান্তে উক্ত ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয় এবং ভবন</td><td>উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ফুটবল টুর্নামেন্ট (বালক ও বালিকা) এর ব্যয় নির্বাহ — ৫০,০০০/- — সামাজিক প্রতিষ্ঠানে অনুদান<br>আবাসিক ভবন কনকচাঁপার (২য় তলার) ০১ নং বাসা — ৪০,৫০০/- — ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষন/রংকরন<br>কৃষ্ণকলি ভবন নং-০৩ (নিচতলার) ০১ নং বাসা — ২,০০,০০০/- — ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষন/রংকরন | টাকার ব্যয় প্রকল্প কমিটির মাধ্যমে প্রাক্কলন মোতাবেক কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৩.২৫ | বিবিধ | ক) চেয়ারম্যান, পতনউষার ইউপি জানান, শমশেরনগর বাজার থেকে বিমানবন্দর রোড হয়ে পতনউষারের রাস্তায় অনেক বড় বড় গর্ত যা দূর্ঘটনার কারণ হয়ে দাঁড়িয়েছে। উপজেলা প্রকৌশলীর রক্ষণাবেক্ষণ খাত হতে মেরামতের জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া অনুন্নিত ইউনিয়নসমূহে উন্নয়নের সমতার ধারাবাহিকতা বজায় রাখতে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ করেন। | | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯/১২/২০২৪
(জয়নাল আবেদীন)
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২২-১৩১৫(৪০)

তারিখ: ১৪ পৌষ ১৪৩১ / ২৯ ডিসেম্বর ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য।

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪. জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৫. প্রশাসক, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৬. প্রশাসক, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৭. উপজেলা.........................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার ।
৮. চেয়ারম্যান,---------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার ।
৯. জনাব/বেগম-----------------------------------------

২৯/১২/২০২৪
(জয়নাল আবেদীন)
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার

উপজেলা পরিষদ সভায় উপস্থিতি (১৭)

সভার নাম- ডিসেম্বর/২০২৪

Date: ১৯/১২/২০২৪

| ক্র:নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | জনাব জয়নাল আবেদীন, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ — | |
| ০২. | [illegible] চেয়ারম্যান, ০১ নং, রহিমপুর ইউনিয়ন কমলগঞ্জ — | [signature] |
| ০৩. | চেয়ারম্যান, ০২ নং, পতনঊষার ইউনিয়ন — | [signature] ১৯.১২.২৪ |
| ০৪. | চেয়ারম্যান, ০৩ নং, মুন্সিবাজার ইউনিয়ন — | [signature] ১৯/১২/২৪ |
| ০৫. | চেয়ারম্যান, ০৪ নং, শমশেরনগর ইউনিয়ন — | |
| ০৬. | চেয়ারম্যান, ০৫ নং, কমলগঞ্জ সদর ইউনিয়ন — | [signature] |
| ০৭. | চেয়ারম্যান, ০৬ নং, আলীনগর ইউনিয়ন — | |
| ০৮. | চেয়ারম্যান, ০৭ নং, আদমপুর ইউনিয়ন — | [signature] ১৯/১২/২৪ |
| ০৯. | চেয়ারম্যান, ০৮ নং, মাধবপুর ইউনিয়ন — | [signature] 19-12-24 |
| ১০. | চেয়ারম্যান, ০৯ নং, ইসলামপুর ইউনিয়ন — | [signature] ১৯/১২/২৪ |
| | বিভাগীয় কর্মকর্তাবৃন্দের নাম ও পদবী | |
| ১১. | আসমাউল নাহার পারভীন USEO | [signature] 19.12.2024 |
| ১২. | ডা: রঞ্জ দাস ঘোষ, ULO | [signature] ১৯/১২/২৪ |
| ১৩. | শামসুন নাহার, UAVDO | [signature] |
| ১৪. | [illegible] - উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | [signature] |

Date : ..............................................

| | | |
|---|---|---|
| ১৫ | মোহাম্মদ [illegible], AUEO | |
| ১৬ | মোছা: মোমেনা খাতুন তালুকদার, UWAO, Kamalganj | ১৭/১২/২৪ |
| ১৭ | [illegible] উপজেলা স্বাস্থ্য তথ্য কর্মকর্তা [illegible] | ১৭/১২/২৪ |
| ১৮ | মো: মুজাহিদুল ইসলাম BM, PSB | ১৭/১২/২৪ |
| ১৯ | স্বর্ণালী সিনহা, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যআপা | ১৭/১২/২৪ |
| ২০ | সুমন আহমেদ, উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ১৭/১২/২৪ |
| ২১ | মোঃ আব্দুল বাকির, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি | ১৭/১২/২৪ |
| ২২ | মোহাম্মদ মানিক আহমদ ভূঁইয়া উপজেলা সমবায় অফিসার | ১৭/১২/২৪ |
| ২৩. | মো: মজিবুর রহমান, UDF. UGDP | |
| ২৪ | পূর্ণেন্দু কুমার দত্ত. A.Y.D.O. | |